



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ১৯ই এপ্রিল, ২০১৮

শাবি প্রতিনিধি: শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগে উন্নয়নমূলক পরিকল্পনা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ ঘটিকায় ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন আইপিই বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ আরিফুল ইসলাম এবং সঞ্চালনায় ছিলেন প্রণব কুমার বিশ্বাস। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবির মাননীয় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে ছিলেন শাবির আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস এবং আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম। এ সময় আইপিই বিভাগের সকল শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় উপাচার্য বলেন, আমরা সবাই আমাদের নিজ নিজ অবস্থান থেকে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ও গবেষণায় এগিয়ে নিবো। আইপিই বিভাগকে গবেষণায় আরোও ভাল করতে হবে। ছাত্রদেরকে সময়মত বিশ্ববিদ্যালয় থেকে বের করে দেওয়া একজন শিক্ষকের ঈমানী দায়িত্ব। তিনি বলেন, যারা বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে বাঁধার সৃষ্টি করবে তাদের ব্যাপারে আপনারা সতর্ক থাকবেন। আমরা আমাদের বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থান থেকে উত্তরণ ঘটাতে চাই।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস অন্তরের রিয়া, ক্রেশ, হিংসা ও অহংকার দূর করে শাবিকে বিশ্বের বৃহৎ ভাল একটি অবস্থানে নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম বলেন, সেলফ অ্যাসেসমেন্ট কার্যক্রমের শেষ অংশ হিসেবে আগামী ৪ বছরের জন্য ইমপ্রোভমেন্ট প্লান তৈরি করা হয়। আশা করি আইপিই বিভাগ চমৎকার একটি ইমপ্রোভমেন্ট প্লান তৈরি করবে এবং উপাচার্য মহোদয় ইমপ্রোভমেন্ট প্লান অনুযায়ী আইপিই বিভাগকে সাহায্য করবেন।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।